

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০১.২০১৯-২০

তারিখঃ ১৭.০৯.২০১৯ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ চৌধুরী শামিমা সুলতানা (১১১০৩৬), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, সদর হাসপাতাল, শেরপুর গত ২৭.১২.২০১৭ খ্রিঃ হতে ১৮.১১.২০১৮ খ্রিঃ পর্যন্ত মোট ১০ মাস ২২ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার বিষয়ে তার স্বাস্থ্য সেবা বিভাগের পার-৩ অধিশাখা হতে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, তার উপর আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানী ০৯.০১.২০১৯ তারিখে গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ডাঃ চৌধুরী শামিমা সুলতানা (১১১০৩৬) ২৭.১১.২০১৭ তারিখে জাতীয় ক্যাপার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালে যোগদান করেন এবং পরবর্তীতে ২১/১২/২০১৭ তারিখে তাকে পুণরায় সদর হাসপাতাল, ভোলায় পদায়ন করা হয়;


যেহেতু, তিনি গত ১৮/১১/২০১৮ তারিখে সদর হাসপাতাল, ভোলায় যোগদান পত্র দাখিল করলে শূণ্য পদ না থাকায় তার যোগদান পত্র গ্রহণ করা হয়নি;

যেহেতু, ডাঃ চৌধুরী শামিমা সুলতানা (১১১০৩৬) গাইনোকোলজিকেল অনকোলজি সাব-স্পেশালিটিতে এফসিপিএস ডিগ্রী অর্জন করেছেন। সার্বিক বিবেচনায়, তার কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি প্রমাণিত হয়েছে। তবে তিনি বর্তমানে চাকুরিরত আছেন এবং অর্জিত ডিগ্রীকে কাজে লাগিয়ে তার জনগনের সেবা করার সুযোগ রয়েছে। এছাড়া, ব্যক্তিগত শুনানীতে তিনি তার প্রতি অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবেন মর্মে অঙ্গীকার করেছেন;

সেহেতু, ডাঃ চৌধুরী শামিমা সুলতানা (১১১০৩৬), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, সদর হাসপাতাল, শেরপুর এর প্রথম অপরাধ এবং অপরাধের গুরুত্ব বিবেচনা করে মানবিক কারণে এবং বর্তমানে চাকুরিরত রয়েছেন বিধায় তাকে এবারের মত সতর্ক করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। তার অনুপস্থিতকালীন গত ২৭/১২/২০১৭ খ্রিঃ হতে ১৮/১১/২০১৮ তারিখ পর্যন্ত মোট ১০ মাস ২২ দিন সময়কে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ১৭.০৯.২০১৯ খ্রিঃ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০১.২০১৯-২০/১(১১)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিস্টেমে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৬। সিভিল সার্জন, শেরপুর।
- ৭। জন্মাবধায়ক, সদর হাসপাতাল, শেরপুর।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শেরপুর।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ চৌধুরী শামিমা সুলতানা (১১১০৩৬), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, সদর হাসপাতাল, শেরপুর।


(শামিমা নাসরিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮